

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ০৫/২০১৯

তারিখঃ ১৬/০১/২০১৯ খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ স্মারক নং-এস-এস-৪/১১/প্রশাসন/PGSঅপারেশন/২০১৮-১৯/১৯৪৫-কাস, তারিখঃ ১৪/০১/১৯খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান

সচিব

“উন্নয়নের অক্সিজেন রাজস্ব”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

www.chc.gov.bd

E-mail:customhousectg@gmail.com

অফিস আদেশ

“জনকল্যাণে রাজস্ব”

নথি নং-এস-এস-৪/১১/প্রশাসন/PGSঅপারেশন/২০১৮-১৯/ -কাস,

তারিখঃ /০১/১৯

বিষয়ঃ WCO এর Asia Pacific Security Project (APSP) হতে প্রদত্ত ডিটেকশন ইকুইপমেন্ট (Raman Spectrometer) ব্যবহার বিষয়ক নির্দেশনা।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৫৬.০২.০০৪.১৮/০৮ তারিখঃ ০৭/০১/২০১৯।

WCO এর Asia Pacific Security Project (APSP) কর্তৃক প্রদত্ত ডিটেকশন ইকুইপমেন্ট (Raman Spectrometer) এর ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সূত্রীয় পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনার আলোকে ডিটেকশন ইকুইপমেন্টটি পরিচালনা এবং সার্বিক তত্ত্বাবধানের জন্য জয়েন্ট কমিশনার (জেটি) কে দায়িত্ব প্রদান করা হলো। তিনি একজন ডেপুটি/এ্যাসিস্টেন্ট কমিশনারের তত্ত্বাবধানে একজন সহকারী রাজস্ব কর্মকর্তা কর্তৃক ডিটেকশন ইকুইপমেন্টটি পরিচালনা নিশ্চিত করবেন। উক্ত ডিভাইসটির যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য নিম্নলিখিত নির্দেশনাবলি অনুসরণ করতে হবে।

(ক) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ অনুযায়ী প্রদত্ত ডিভাইসটি নিম্নোক্ত আমদানিকৃত/রপ্তানিতব্য পণ্যচালান পরীক্ষণের সময় পণ্য সনাক্তকরণের ক্ষেত্রে ব্যবহার করতে হবেঃ

- Precursors (Acetone, Aluminium Powders, Aluminium Flakes, Aluminium Paste, Amonium Nitrate, Calcium Ammonium Nitrate, Ammonium Calcium Nitrate Double Salt, Hydrogen Peroxide, Nitric Acid, Nitromethane, Ptassium Chlorate, Potassium Nitrate, Potassium Perchlorate, Sodium Chlorate, Sodium Nitrate,
- Explosive
- Narcotics
- Industrial Chemical raw material
- Pharmaceutical chemicals
- Other organic and inorganic chemicals.

চলমান পাতা২

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

(পাতা-০২)

- (খ) Raman Spectrometer এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে অনুঃ ১(ক) এর উল্লিখিত সকল প্রকার রাসায়নিক এবং রাসায়নিক পণ্য সনাক্তকরণে এটি ব্যবহার করতে হবে;
- (গ) কায়িক অথবা রাসায়নিক পরীক্ষার জন্য নির্ধারিত, খালাস পর্যায়ে পরীক্ষার জন্য নির্বাচিত অথবা কাস্টমস্ কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত অন্য যে কোন ঝুঁকিপূর্ণ চালানের পণ্য এই যন্ত্রের মাধ্যমে পরীক্ষা করা যাবে;
- (ঘ) আমদানীকৃত রাসায়নিক পণ্য চালানের কমপক্ষে ২০% যন্ত্রটির মাধ্যমে পরিষ্কণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) Raman Spectrometer কর্তৃক পণ্য পরীক্ষার ক্ষেত্রে পণ্য বা রাসায়নিকের প্রতিনিধিত্বমূলক নমুনা উত্তোলন নিশ্চিত করতে হবে এবং প্রাপ্ত ফলাফলে অসংগতি বা ভুল সনাক্ত করণ এড়াতে পরিষ্কণের সময় একবার ব্যবহারযোগ্য (one time use) ভায়াল ব্যবহার করতে হবে;
- (চ) প্রাপ্ত ফলাফলসমূহ একটি পৃথক কম্পিউটারে MS Excel Format-এ সংরক্ষণ করতে হবে;
- (ছ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিদিনের পরীক্ষার ফলাফল তত্ত্বাবধানকারী কর্মকর্তার নিকট দাখিল করতে হবে এবং তত্ত্বাবধানকারী কর্মকর্তা সাপ্তাহিক ভিত্তিতে কমিশনারের নিকট প্রতিবেদন দাখিল করবে।
- (জ) যন্ত্রটি ব্যবহারের মাধ্যমে প্রাপ্ত ফলাফল শুদ্ধায়নসহ পরবর্তী আইনানুগ কাজে ব্যবহারের নিমিত্তে যথাযথ ও আইনানুগভাবে সংরক্ষণ করতে হবে; এবং
- ০২। প্রতি মাসের ০২ (দুই) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসে ডিভাইসটি ব্যবহারের প্রাপ্ত ফলাফল সম্পর্কিত প্রতিবেদন (Hard ও soft copy) কমিশনার বরাবরে (E-mail:customhousectg@gmail.com) প্রেরণ করতে হবে।
- ০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে, যা জনস্বার্থে জারী করা হলো।

স্বাক্ষরিত/-

(ড.এ কে এম নুরঞ্জামান)

কমিশনার

কাস্টম হাউস, চট্টগ্রাম

ফোনঃ ০৩১-৭১৩৯১৮।

তারিখঃ ১৪/০১/১৯

নথি নং-এস-এস-৪/১১/প্রশাসন/PGS অপারেশন/২০১৮-১৯/১৯৪৫-কাস